

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনদের,

আমাদের ক্লাস শুরু করতে চলেছে প্রভাবশালী অংকের বা ইমপ্যাক্ট ম্যাথমেটিকসের একটি বছর। আমরা যা যা শিখব তা হল ঋণাত্মক নম্বর, সূচক, ত্রিমাত্রক জ্যামিতি, অনুপাত, সম্ভাব্যতা এবং তথ্য বিশ্লেষণ। এছাড়া সারা বছর ধরেই ছাত্র/ছাত্রীরা বীজগণিতের উপর সামগ্রিক দক্ষতাও অর্জন করবে।

আমরা শুরু করব বীজগণিতিক রাশি দিয়ে – নম্বর, অক্ষর ও আঙ্কি চিহ্নের একটি মেলবন্ধন যা বীজগণিতের ভাষা হিসাবে পরিচিত। আমরা শিখব চলরাশি (ভেরিয়েবল)-র সম্বন্ধে – অক্ষরগুলি যাদের বদল ঘটে বা যাদের আমরা অজানা নম্বর বোঝাতে ব্যবহার করি। উদাহরণ স্বরূপ এই রাশিটিতে $b + 2$ চলরাশি হচ্ছে b ।

আমরা চলরাশি ও বীজগণিতের রাশি সম্বন্ধে শিখে ফেললে, ফ্লোচার্ট তৈরী করব যা বীজগণিতের রাশির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে এবং তারপর আমরা এই ফ্লোচার্টকে ব্যবহার করব সমীকরণ সমাধানের জন্য। এখানে আমরা দৈনন্দিন জীবনে ব্যবহৃত সূত্রও শিখব, যেমন তাপমাত্রা সেন্টিগ্রেড থেকে ফ্যারেনহাইট করতে যে সূত্রের ব্যবহার হয় $F = \frac{9}{5}C + 32$.

শব্দাবলী এখানে আমরা যে নতুন শব্দগুলি শিখব তা হল:

বীজগণিতিক রাশি	সূচক
ব্যাকট্র্যাকিং	উৎপাদক
শ্রেণীবিভাগীয় ধর্ম	ফ্লোচার্ট
সম রাশি	সূত্র
বিস্তৃতকরণ	চলরাশি

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আপনার ছাত্র/ছাত্রীদের উৎসাহিত করুন ক্লাসে যে ধরনের অংকের সমস্যার সমাধান করা হচ্ছে তার সম্বন্ধে বিস্তারিত ব্যাখ্যা করে। এছাড়াও আমাদের দৈনন্দিন জীবনে যেখানে বীজগণিতিক রাশির ব্যবহার করা হচ্ছে তার ব্যাপারে জানান। আপনার ছাত্র/ছাত্রীর কাছে আপনার উৎসাহই দৈনন্দিন জীবনে অংকের প্রয়োজনীয়তাকে তাদের কাছে তুলে ধরবে।

